দৈনিক ইনকিলাব
তারিখ 04 MAR 2007
পৃষ্ঠা ৪ কলাম ৩

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

**ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড।**

# বিজ্ঞপ্তি

## পরীক্ষায় নকলের বিরুদ্ধে সতর্কবানী/শ্লোগান

পরীক্ষায় নকল শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করে। জাতিকে বিপর্যস্ত করে।
পরীক্ষায় নকল করা বা নকলে সহায়তা প্রদান করা থেকে বিরত থাকুন।
নকল প্রতিরোধ করুন।
নকল করে ডিগ্রী নিয়ে নিজেকে প্রতারিত করবেন না।
নকল করে পাওয়া ডিগ্রী কর্মজীবনে কোন কাজে আসে না।

### পরীক্ষার্থীদের প্রতি

নকল করে বহিস্কৃত হলে শিক্ষা জীবনের মূল্যবান সময় নষ্ট হয়, এর ফলে ছাত্র-ছাত্রীর লেখাপড়া চিরতরে বন্ধ হয়ে যেতে পারে। শিক্ষা জীবন ধ্বংস হওয়ার ফলে কর্মজীবন হতাশা ও ব্যর্থতায় পর্যবসিত হতে পারে।

✷

পরীক্ষায় নকলকারী সমাজে ঘৃন্য ব্যক্তি হিসেবে চিহ্নিত হয়।

✷

নকল করে পরীক্ষা পাশের দূর্বলতা আজীবন বয়ে বেড়াতে হয় এবং এজন্য কর্মজীবনে পদে পদে লজ্জিত ও বিব্রত হতে হয়।

✷

ভুয়া পরিচয় দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে ছাত্র-ছাত্রী ২ বছর পর্যন্ত কারাদন্ড অথবা অর্থ দন্ড কিংবা উভয়বিধ দন্ডে দন্ডিত হতে পারে। এর ফলে পরবর্তীকালে চাকুরী বা ব্যবসায় প্রতিটি স্তরে কঠিন বাধার সম্মুখীন হতে হবে এবং এ গ্লানি সারা জীবন তাড়া করবে।

### শিক্ষকদের প্রতি

কক্ষ প্রত্যবেক্ষক হিসেবে নকলে সহায়তা প্রদান করলে-

ক) বহিস্কৃত হতে পারেন।
খ) বেতন ভাতাদি বন্ধ হতে পারে।
গ) চাকুরীচ্যুত হতে পারেন।

এর ফলে নিজের ও পরিবারের সামাজিক মর্যাদা ক্ষুন্ন হওয়াসহ আর্থিক অনটন সৃষ্টি হতে পারে ফলে কর্মজীবন ব্যর্থতায় পর্যবসিত হবে।

✷

শিক্ষক হিসেবে নকলে সহায়তা করে অভিযুক্ত হওয়া সমগ্র শিক্ষক সমাজের জন্য কলংক স্বরূপ। নিজের ভুলের দায় যাতে শিক্ষক সমাজের উপর না বর্তায় সে বিষয়ে সচেতন থাকুন।

## নকলে সহায়তা প্রদানকারীদের প্রতি

পরীক্ষার হলে নকল সরবরাহ করলে বা নকলে সহায়তা প্রদান করলে ২ বছর পর্যন্ত কারাদন্ড অথবা অর্থ দন্ড কিংবা উভয়বিধ দন্ড হতে পারে।

পরীক্ষায় প্রশ্নপত্র সম্বলিত কোন কাগজপত্র অথবা পরীক্ষার জন্য প্রণীত হয়েছে বলে মিথ্যা ধারণাদায়ক কোন কাগজ যে কোন উপায়ে ফাঁস, প্রকাশ বা বিতরণ করা হলে ৪ বছর পর্যন্ত কারাদন্ড অথবা অর্থ দন্ড কিংবা উভয়বিধ দন্ড হতে পারে।

সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ও বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের পক্ষে -

(প্রফেসর মোঃ ইউসুফ)
চেয়ারম্যান
আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি ও
চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

PC-87200
পি-১০৩২/০৭ (১০"x৩)